রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারী ১৮, ১৯৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(কাস্টমস)

আদেশ

ঢাকা, ৩রা ফাল্গুন, ১৩৯৯/১৫ই ফেব্রুয়ারী, ১৯৯৩

এস, আর, ও, নং ৩১-আইন/৯৩/১৪৯৭/শুল্ক--Customs Act, 1969 (IV of 1969) এর section 21(b) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৩(২)(খ) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার নিম্নবর্ণিত আদেশসমূহ এতদ্বারা রহিত করিল, যথা :—

(১) নং এস, আর, ও ২২০-এল/৮৬/৯৯৫/কাস, তারিখ ২৭শে জুন ১৯৮৬;

(২) নং এস, আর, ও ১৫৩-আইন/৮৭/১০৭৮/শুল্ক, তারিখ ৪ঠা শ্রাবণ, ১৩৯৪/২১শে জুলাই, ১৯৮৭;

(৩) নং এস, আর, ও ২৯০-আইন/৮৭/১০৯৬/শুল্ক, তারিখ ১৫ই ডিসেম্বর, ১৯৮৭;

(৪) নং এস, আর, ও ২৯২-আইন/৮৭/১০৯৫/কাস, তারিখ ১৫ই ডিসেম্বর, ১৯৮৭; এবং

(৫) নং ১৩৬২/৯১/শুল্ক, তারিখ ২০শে চৈত্র, ১৩৯৭/৪ঠা এপ্রিল, ১৯৯১।

ডঃ মোঃ আজিজুর রহমান
প্রথম সচিব (শুল্ক)।



মূল্যঃ টাকা ২.০০

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

ঢাকা, ৩রা ফাল্গুন, ১৩৯৯/১৫ই ফেব্রুয়ারী, ১৯৯৩

এস, আর, ও নং ৩২-আইন/৯৩/১৪৯৮/শুল্ক—Customs Act, 1969 ( IV of 1969) এর section 19 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত section এর sub-section (1) এর বিধান মোতাবেক জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, অর্থ মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত প্রজ্ঞাপনসমূহ এতদ্বারা রহিত করিল, যথা :—

(১) নং এস, আর, ও ২০-এল/৭৫/কাস/২০৩, তারিখ ৭ই জানুয়ারী, ১৯৭৫;

(২) নং এস, আর, ও ১৬৯-এল/৭৮/৪২৪/ডি/কাস, তারিখ ৩০শে জুন, ১৯৭৮;

(৩) নং এস আর ও ২৩৮-এল/৮২/৭৩০/কাস, তারিখ ৩০শে জুন, ১৯৮২; এবং

(৪) এস আর ও নং ১৫৪-আইন/৯২/১৪৬৮/শুল্ক, তারিখ ৪ঠা আষাঢ়, ১৩৯৯/১৮ই জুন, ১৯৯২।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ মসিউর রহমান
সচিব।

---

জাতীয় রাজস্ব বোর্ড

(শুল্ক)

আদেশাবলী

ঢাকা, ৩রা ফাল্গুন, ১৩৯৯/১৫ই ফেব্রুয়ারী ১৯৯৩

এস, আর, ও, নং ৩৩-আইন/৯৩/১৪৯৯/শুল্ক—Customs Act, 1969 (IV of 1969) এর section 21 (C) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২০শে ডিসেম্বর ১৯৮২ তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও, ৪২৯-এল/৮২/৭৫৮/কাস এতদ্বারা রহিত করিলেন।

এস, আর, ও, নং ৩৪-আইন/৯৩/১৫০০/শুল্ক—Customs Act, 1969 ( IV of 1969) এর section 21 (c) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২২শে বৈশাখ, ১৩৯৯ মোতাবেক ৪ঠা মে, ১৯৯২ তারিখের আদেশ নং এস, আর, ও ৯৮-আইন/৯২/১৪৫৪/শুল্ক এতদ্বারা রহিত করিল।

ডঃ মোঃ আজিজুর রহমান
প্রধান সচিব (শুল্ক)।

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

ঢাকা, ৩রা ফাল্গুন, ১৩৯৯/১৫ই ফেব্রুয়ারী, ১৯৯৩

নং এস, আর, ও ৩৫-আইন/৯৩/১৫০১/শুল্ক—Customs Act, 1969 ( IV of 1969) এর section 19 এবং 221 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ৭৩(২)(খ) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত Act IV of 1969 এর section 19 (1) এর বিধান মোতাবেক জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, নিম্নবর্ণিত প্রজ্ঞাপনগুলি এতদ্বারা রহিত করিল, যথা :—

(১) তদানীন্তন পাকিস্তান সরকারের অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত এস, আর, ও ৪২ (আর)৬৯-তারিখ ১০ই মার্চ, ১৯৬৯ ; এবং

(২) বাংলাদেশ সরকারের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এস, আর, ও ২৯১-আইন/৮৭/১০৭৪/শুল্ক, তারিখ ১৫ই ডিসেম্বর, ১৯৮৭।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ মসিউর রহমান

সচিব।

---

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ৩রা ফাল্গুন, ১৩৯৯/১৫ই ফেব্রুয়ারী, ১৯৯৩

নং এস, আর, ও ৩৬-আইন/৯৩/১৫০২/শুল্ক ও মূল্য সংযোজন কর—Customs Act, 1969 (IV of 1969) এবং section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে এবং তদানীন্তন পাকিস্তান সরকারের Notification No. S. R. O. 977 (K)/60 dated 4th August, 1960 রহিত করিয়া সরকার কোন দাতব্য ও অলাভজনক প্রতিষ্ঠান কর্তৃক কোন দাতা সংস্থা হইতে অনুদান হিসাবে প্রাপ্ত বা ক্রয়কৃত ও বাংলাদেশে আমদানীকৃত মূক, বধির, অন্ধ এবং শারীরিক ও মানসিকভাবে প্রতিবন্ধদের পুনর্বাসনের জন্য অত্যাবশ্যক যন্ত্রপাতি ও উপকরণের পর আরোপণীয় সমুদয় শুল্ক ও মূল্য সংযোজন কর নিম্নবর্ণিত শর্তে মওকুফ করিল, যথা :—

(ক) দাতাসংস্থা কর্তৃক কোন শর্ত আরোপ করা যাইবে না এবং গ্রহীতা নিজ প্রতিষ্ঠানের ঘোষিত লক্ষ্য বাস্তবায়নের উদ্দেশ্যে উক্ত যন্ত্রপাতি ও উপকরণ ব্যবহারের পূর্ণ স্বাধীনতা ভোগ করিবে ; এবং

(খ) গ্রহীতা বা ক্রেতা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট কালেক্টরের নিকট এই মর্মে মুচলেকা প্রদান করিবে যে, যেই উদ্দেশ্যে উক্ত যন্ত্রপাতি ও উপকরণ আমদানী করা হইয়াছে সেই উদ্দেশ্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে উহা ব্যবহার করা হইবে না বা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বিক্রয় বা হস্তান্তর করা হইবে না এবং উক্ত মুচলেকা ভংগ করিলে গ্রহীতা বা ক্রেতা প্রতিষ্ঠান উক্ত যন্ত্রপাতি ও উপকরণের উপর আরোপণীয় সমুদয় শুল্ক ও মূল্য সংযোজন কর পরিশোধ করিতে বাধ্য থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ নসিউর রহমান
সচিব।

বদিউর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।